

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ১৪১৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৫. দ্বিতীয় অনুচ্ছেদ - খুতবাহ ও সালাত

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا اسْتَوَى عَلَى الْمِنْبَرِ اسْتَقْبَلَنَا بِوُجُوهِنَا. رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ لَا نَعْرِفُهُ إِلَّا مِنْ حَدِيثِ مُحَمَّدِ بْنِ الْفَضْلِ وَهُوَ ضَعِيفٌ ذَاهِبُ الْحَدِيثِ

বাংলা

১৪১৪-[১৪] আবদুল্লাহ ইবনু মাস'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মিম্বারে দাঁড়াতেন, আমরা তাঁর মুখোমুখী হয়ে বসতাম। (তিরমিযী; তিনি বলেন, এ হাদীসটি শুধু মুহাম্মাদ ইবনু ফায়ল-এর মাধ্যমে পাওয়া গেছে। তিনি ছিলেন য'ঈফ [দুর্বল]। তার স্মরণশক্তি নষ্ট হয়ে গিয়েছিল।[1]

ফুটনোট

[1] সহীহ : আত্ তিরমিযী ৫০৯, শারহুস্ সুন্নাহ্ ১০৮১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কথা (اسْتَقْبَلَنَا بِوُجُوهِنَا) সম্পর্কে ইবনুল মালিক (রহঃ) বলেনঃ আমরা তার মুখোমুখী হতাম, সুতরাং সুন্নাত হলোঃ ক্বওমের লোকেরা খতীবের মুখোমুখী হবে এবং খতীব ক্বওমের মুখোমুখী হবে। আবু আইয়ুব আল মাদানী (রহঃ) আত্ তিরমিযী'র ব্যাখ্যায় বলেনঃ অর্থাৎ আমরা (সাহাবীগণ) মিম্বারের চতুস্পার্শ্বে গোল হয়ে বসতাম না, কেননা জুমু'আর দিনে এটা নিষিদ্ধ ছিল বরং আমরা কাতারবন্দী হয়ে তার মুখোমুখী হয়ে বসতাম। এ হাদীস প্রমাণ করে যে, মানুষের জুমু'আর দিন খতীবের সামনা-সামনি হয়ে বসা সুন্নাত এবং ইবনু মাজার বর্ণনাও সেটার উপর প্রমাণ করে। 'আদী ইবনুস্ সাবিত (রাঃ)-এর বর্ণনায় রয়েছে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মিম্বারে দাঁড়াতেন তখন সাহাবায়ে কিরামগণ তার দিকে মুখ করে তার সামনে বসতেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55974>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন